তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাবি'তে ধর্মঘট উপেক্ষা। ৩৫ দিন পর ক্লাস শুরু

রাজশাহী বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ইতিহাসে তৃতীয়বারের মত ধর্মঘট উপেক্ষা করিয়া দীর্ঘ ৩৫ দিন পর গতকাল শনিব শান্তিপূর্ণভাবে সকল বিভাগের ক্লাস যথারীতি শুরু হইয়াছে। ব্যাপকসংখ্যক ছাত্র-ছা ক্লাসে অংশগ্রহণ করিয়াছে। গতকাল টানা ৩৫ দিন পর ক্যাম্পাস খোলার প্রথম দি. মতিহারের সবুজ চত্বর, ক্লাসরুম-করিডোর, সেমিনার-লাইব্রেরী, কেন্দ্রীয় গ্রন্থাগার, চায়ের স্টলগুলি শিক্ষক-ছাত্র-ছাত্রীদের পদচারণায় মুখরিত (২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## রাবি'তে ধর্মঘট উপেক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

হইয়া উঠে। বিশ্ববিদ্যালয়ের পরিবহন বাসসমূহ বিভিন্ন রুটে যথারীতি চলাচল করে এবং বিভিন্ন অফিসের কার্যক্রম সচল থাকে। ছাত্রদল ও ছাত্রশিবির, মহানগর শাখা ধর্মঘট ডাকিলেও বিশ্ববিদ্যালয়ের দলমত নির্বিশেষে সকল মতাদর্শের শিক্ষকগণ ক্লাস গ্রহণ করেন।

গতকাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর উপস্থিতি ছিল প্রায় শতকরা ৭০/৭৫ ভাগ। ক্যাম্পাস ছিল কোলাহলপূর্ণ এবং স্বাভাবিক। ছাত্রলীগ (বা-অ) রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সভাপতি শহিদউদ্দীন বিপু ও সাধারণ সম্পাদক আহসানুল হক পিন্টুর নেতৃত্বে ক্যাম্পাসে ধর্মঘটের বিরুদ্ধে একটি বিক্ষোভ মিছিল বাহির করে।